

## ঢাকা ওয়াসা

বিষয়ঃ Repair and maintenance works of officers quarter building Meghna (unit-501) at Asadgate WASA Compound.

০১। আবেদনপত্র।

০২। ২০২৬-২৭ ইং অর্থ বছরের বাজেট বরাদ্দের কপি।

০৬। প্রাক্কলন।

- উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আসাদগেইট অফিসার্স কোয়ার্টার (মেঘনা, ফ্ল্যাট নং-৫০১) এর এ্যালোটি ফ্ল্যাট মেরামতের জন্য আবেদন করেছেন। সেই প্রেক্ষিতে সরেজমিনে পরিদর্শনে দেখা যায় যে, কাঠের দরজার চৌকাঠ এবং পাল্লা ঘুনে ধরে নষ্ট হয়ে গেছে। ওয়ালের প্লাস্টার ড্যাম হয়ে ফুলে উঠেছে। ফ্ল্যাটের একটি রুমের বারিন্দাসহ রং দীর্ঘদিনের পুরাতন হওয়ায় বিবর্ণ হয়ে গেছে। দুইটি ওয়ালের টাইলস দীর্ঘদিনের পুরাতন হওয়ায় নষ্ট হয়ে গেছে। এ্যালোটিদের বসবাসের সুবিধার্থে চৌকাঠ, পাল্লা পরিবর্তন, টাইলস লাগানো, দেওয়ালের আস্তর করণসহ রং করা প্রয়োজন।
- উপরোক্ত কাজটি সম্পন্ন করার জন্য পিডব্লিউডি-২০২২ এর রেইট সিডিউল অনুযায়ী একটি প্রাক্কলন প্রণয়ন করা হয়েছে। যাতে ব্যয় এসেছে ৳.৪৯,৭১১/- (উনপঞ্চাশ হাজার সাতশত এগারো) টাকা মাত্র। আলোচ্য কাজের ব্যয়ভার সিএম বিভাগের ২০২৬-২০২৭ ইং অর্থ-বৎসরের বরাদ্দকৃত বাজেটের “আবাসিক দালান রক্ষণাবেক্ষণ” খাত হতে নির্বাহ করা হবে। পি.পি.আর-২০২৫ এর বিধি ৯৯(১)(ড) ধারা অনুযায়ী “সরাসরি চুক্তির” আওতায় “আমির কন্সট্রাকশন” এর মাধ্যমে কাজটি সম্পন্ন করা যেতে পারে।
- এমতাবস্থায়, Repair and maintenance works of officers quarter building Meghna (unit-501) at Asadgate WASA Compound. কাজটি পি.পি.আর-২০২৫ এর বিধি ৯৯(১)(ড) ধারা অনুযায়ী সরাসরি চুক্তির আওতায় “আমির কন্সট্রাকশন” এর মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে প্রাক্কলিত সর্বমোট ৳.৪৯,৭১১/- (উনপঞ্চাশ হাজার সাতশত এগারো) টাকা মাত্র সদয় অনুমোদন দেওয়া যেতে পারে। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

19.07  
2026

মোহাম্মদ রিয়াজুল ইসলাম  
উপ-সহকারী প্রকৌশলী  
সি এম বিভাগ  
ঢাকা ওয়াসা।

19.07.26  
রাহাত উন নবী  
সহকারী প্রকৌশলী  
সি এম বিভাগ  
ঢাকা ওয়াসা।

19/07/26  
মুজা সাহা  
নির্বাহী প্রকৌশলী  
সি এম বিভাগ  
ঢাকা ওয়াসা।

19/7/26  
মোহাম্মদ হুমায়ুন কবীর  
অধ্যক্ষ প্রকৌশলী (চঃ দাঃ)  
এস.এম.ডব্লিউ.সি সার্কেল  
ঢাকা ওয়াসা

20/07/2026  
আলমগীর হাছিন আহমেদ  
প্রধান প্রকৌশলী  
ঢাকা ওয়াসা।

SE/smw